# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 JANUARY 2025 7:45—7:55**

---

১) আগামী ৫ ই ফেব্রুয়ারীর মধ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের চেক বিতরণ প্রক্রিয়া সম্পূর্ন হবে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার ঘোষণা ।

২) সিংগাপুরে আজ থেকে জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর মামলায় শুনানী ।

৩) সশস্ত্র বাহিনীর প্রাক্তন সৈনিকেরা জাতীয় চেতনার জীবন্ত স্তম্ভ ,সম্মিলিত শাসকের প্রতীক ও ভবিষ্যত প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস বলে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংয়ের মন্তব্য ।

এবং

৪) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ মকর সংক্রান্তি বা পৌষ সংক্রান্তি পালন ।

---

৫ ই ফেব্রুয়ারীর মধ্যে মুখ্যমন্ত্রীর মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে ১০ হাজার টাকা করে প্রারম্ভিক মূলধন বিতরণ
প্রক্রিয়া সম্পূর্ন হবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ঘোষনা করেছেন । আজ ডিফুতে ২৫ হাজার মহিলার মধ্যে উদ্যমিতা প্রকল্পের চেক বিতরণ করে মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যের আত্মসহায়ক গোষ্ঠীর মোট ৩২ লক্ষ মহিলা প্রকল্পটির অর্থ লাভ করবেন । তিনি বলেন যে প্রারম্ভিক অর্থ সঠিকভাবে ব্যবহার করলে মহিলারা পরবর্তী পর্যায়ে ক্রমান্বয়ে ২৫ ও ৫০ হাজার টাকা করে লাভ করবেন । মুখ্যমন্ত্রী ড্: শর্মা এর আগে আজ পশ্চিম কার্বি আংলং জেলার বৈঠালাংশুর আমরি বিধানসভা কেন্দ্রে

মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের চেক বিতরণ করেন ।এই কেন্দ্রের প্রায় ১৪ হাজার মহিলাকে উদ্যমিতা প্রকল্পের ১০ হাজার টাকা করে চেক প্রদান করা হয় ।অনুষ্ঠানে কার্বি শ্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য তুলিরাম রংহাং তথা ডিফু লোকসভা কেন্দ্রের সাংসদ অমরসিং টিসো উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

সিংগাপুরে আজ থেকে জুবিন গার্গের মৃত্যুর শুনানি শুরু হয়েছে । শুনানির সময় উপকূলরক্ষী পুলিশের সহকারী পরিদর্শক ডেভিড লিম বলেন যে জুবিন গার্গের জলে ডুবে মৃত্যু হয়েছে ও জলে নামার আগে শিল্পী লাইফ জেকেট পরিধান করতে অস্বীকার করেছিলেন । তিনি সাগরে নামার আগে য়টতে মদ্যপানের পার্টিতে ছিলেন বলে আদালতকে অবগত করেন । মৃত্যুর সময় জুবিন গার্গ মাদকাশক্ত ছিলেন বলে পুলিশ আধিকারিক জানান । এছাড়া জুবিন গার্গের শরীরে অত্যধিক মাত্রায় সুরার পরিমাণ পাওয়া গেছে বলে পুলিশ আধিকারিক মন্তব্য করেন ।পুলিশ য়টতে থাকা বেশ কয়েকটি ভিডিও আদালতে দাখিল করেন ।

---------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুনদিল্লীতে কমনোয়েলথ রাষ্ট্রগুলির সংসদের অধ্যক্ষ ও সভাপতিদের সম্মেলনের উদ্ভোধন করবেন । লোকসভার অধ্যক্ষ ওম বিরলা এই সম্মেলনে অধ্যক্ষতা করবেন ।৪২ টি কমনোয়েলত রাষ্ট্র ও চারটি অর্ধশ্বসাশিত রাষ্ট্রের সংসদের ৬১ জন অধ্যক্ষ ও সভাপতিরা সম্মেলনে অংশ গ্রহণ করবেন । সম্মেলনে শক্তিশালী গনতান্ত্রিক প্রতিষ্ঠান বজায় রাখার ক্ষেত্রে অধ্যক্ষদের ভূমিকা সহ বেশ কিছু বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে ।এছাড়া সংসদের কাজ কর্মে কৃত্রিম বুদ্ধীমত্তার ব্যবহার , সাংসদদের ওপর সামাজিক মাধ্যমের প্রভাব , সংসদের বিষয়ে জনসাধারণের জ্ঞান বৃদ্ধির রণনীতি ও ভোটগণনা ছাড়া ও গণতান্ত্রিক ব্যবস্থার অন্যান্য প্রক্রিয়াগুলিতে জনসাধারণের অংশ গ্রহণের বিষয়ে ও আলোচনা করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং সশস্ত্র বাহিনীর প্রাক্তন সৈনিকদের জাতীয় চেতনার স্তম্ভ , সম্মিলিত শাসকের প্রতীক ও ভবিষ্যত প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস্য বলে অভিহিত করেছেন । সশস্ত্র বাহিনীর প্রাক্তন সৈনিক দিবস উপলক্ষে আজ নতুনদিল্লীতে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মন্ত্রী এই মন্তব্য করেন । তিনি বলেন যে প্রাক্তন সৈনিকরা রাষ্ট্র গঠন প্রক্রিয়ার সকল ক্ষেত্রে অবদান রেখে চলেছেন এবং তাদের নিয়মানুবর্তিতা , নেতৃত্ব ও সাহসের মতো গুনাবলীতে তারা সমাজকে পথ প্রদর্শন করে

আসছেন । শ্রী সিং বলেন  যে ইউনিফর্মের রং  ও কর্মস্থল  পরিবর্তন হলে ও প্রাক্তন সৈনিকদের হৃদয়ে দেশভক্তি ও সেবার মনোভাব অপরিবর্তিত রয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

মণিপুর পুলিশ গতকাল ইম্ফাল পশ্চিম জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে  নিষিদ্ধ ঘোষিত কে ওয়াই কে এল সংগঠনের তিনজন সদস্যকে গ্রেপ্তার করেছে । ধৃত ব্যাক্তিদের কাছ থেকে তিনটি মোবাইল ফোন , চারটি সিম , নগদ ছয় হাজার টাকা সহ একটি মটর সাইকেল বাজেয়াপ্ত করা হয়েছে । প্রাথমিক তদন্তে জানা গেছে ধৃত ব্যাক্তিরা উগ্রপন্থী সংগঠনে নতুন সদস্য নিযুক্তি , অর্থ দাবী এবং জেলাগুলিতে সংগঠনের খাদ্য সামগ্রী সরবরাহ করার কাজে যুক্ত ছিল । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ ফসল কাটার উৎসব মকর সংক্রান্তি পালন করা হয়েছে । মকর সংক্রান্তি শীত ঋতুর সমাপ্তি এবং দিন বড় হবার সূচনার প্রতীক । এই উৎসব দেশের নানা প্রান্তে ভিন্ন ভিন্ন নামে জানা যায় । আসামে ভোগালী বিহু , তামিনাড়ুতে পোঙ্গল ,গুজরাটে উত্তরায়ন এবং পৌষ  সংক্রান্তি হিসেবে এই উৎসব পালন করা হয় । আসামেও আজ ভোগালী বিহু উপলক্ষ্যে আজ ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে ।

এদিকে বরাক উপত্যকার গ্রাম থেকে শহর সর্বত্র আজ উৎসবের আমেজে মকর সংক্রান্তি  বা পৌষ সংক্রান্তি পালন করা হয়েছে । আজ থেকেই সূর্যের উত্তরায়ন শুরু হয় যা শুভ ও কল্যাণের প্রতীক ।  আজ সকালে মেড়ামেড়ির ঘর পোড়ানোর পর অগ্নি দেবতাকে স্মরণ করে আশীর্বাদ কামনা করা হয় । এরপর ছোটরা বড়দের আশীর্ব্বাদ গ্রহণ করে এবং পরিবারের সকলে মিলে পিঠে পুলি , নানা রকমের নাড়ু , পায়েস ইত্যাদি খাওয়া সহ ধর্মীয় প্রথা অনুসারে পূজো পার্বণও করা হয় । এছাড়া পৌষ সংক্রান্তি উপলক্ষ্যে বিভিন্ন এলাকায় পিঠে পুলি উৎসবেরও আয়োজন করা হয় । এ উপলক্ষ্যে রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য্য ,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেন ।রাজ্যপাল এক বার্তায় ভোগালী বিহু আসামের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের অমূল্য সম্পদ বলে উল্লেখ করেন । প্রধানমন্ত্রী তাঁর বার্তায় বলেন যে এই উৎসব আনন্দ ও ভ্রাতৃত্ববোধের উপলক্ষ । এই উৎসব কঠোর পরিশ্রমী কৃষকদের প্রচেষ্টার খোঁজ নেবার সুযোগ দেয় বলেও তিনি মন্তব্য করেন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় ভোগালী বিহুকে কৃষিজীবী সমাজের

প্রাপ্তি আনন্দ ও আসামের স্পন্দন বলে অভিহিত করেন । সেইসঙ্গে তিনি  সকলের জীবন সুখ-শান্তি ও প্রাচুর্যে ভরে ওঠার কামনা করেন ।
এদিকে মকর সংক্রান্তির সঙ্গে সঙ্গতি রেখে পালন করা চা জনগোষ্ঠীদের অন্যতম প্রধান উৎসব টুসু পূজার আজ সমাপ্তি হয়েছে । পৌষ মাসে আরম্ভ হবার জন্য এই উৎসবকে পৌষ পরব বলেও জানা যায় । শস্যের দেবী টুসুর আরাধনায় আজ বিভিন্ন জেলার চা জনগোষ্ঠীর লোকেরা এই পূজা পালন করেন । উল্লেখ্য কালী ,দূর্গা ,সীতার মতো শক্তির রূপে কল্পনা করা টুসু পূজায় প্রধানতঃ মহিলারা অংশগ্রহণ করেন । তবে পূজার সঙ্গে সঙ্গতি থাকা নৃত্য গীতে পুরুষরাও অংশগ্রহণ করতে পারেন । পৌষ মাসের শেষ রাতে অর্থাৎ আজকের দিনে মহিলাদের সঙ্গে পুরুষেরাও সারা রাত জেগে টুসু গীত গান । সকাল হবার সঙ্গে সঙ্গে টুসু দেবীর মূর্তি গ্রামের প্রতিটি ঘরে দর্শন করিয়ে নদীর ঘাটে নিয়ে যাওয়া হয় । শেষে টুসু দেবীকে জলদেবতাকে সাক্ষী রেখে বিসর্জন দেওয়া হয় ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায়ও আজ উৎসাহ-উদ্দীপনার মাধ্যমে মকর সংক্রান্তি ও ভোগালী বিহু পালন করা হয়েছে ।  এ উপলক্ষে জেলার প্রতিটি ঘরে ঘরে বিশেষ পূর্জচর্চনার আয়োজন করা সহ প্রস্তুত করা পিঠে-পুলি ইত্যাদি খাদ্যসামগ্রী গ্রহণের মধ্য দিয়ে মকর সংক্রান্তি ও ভোগালী বিহু উদযাপন করা হয় ।

শ্রীভূমি জেলার বদরপুর বিধানসভা কেন্দ্রর অর্ন্তগত বড়গোল ও ঘিলাইজান অসমীয়া গ্রামে  ভোগালী বিহু উদযাপন করা হয়েছে । ঐতিহ্য ,সংস্কৃতি ও সামাজিক সম্প্রীতির বন্ধনের ওপর গুরুত্ব আরোপ করে  আয়োজিত ভোগালী বিহুকে কেন্দ্র করে আদরকোনা, বরগুল ,গলাইজান সহ অসমীয়া অধুষ্যিত গ্রামগুলিতে রীতি-নীতি ও পরম্পরা মেনে আজ সকালে মেজি ঘরে আগুন জালানো হয় ।

---------------------------------------------------------------------------------------

এদিকে হাইলাকান্দি জেলায়ও এবছর উৎসাহ-উদ্দিপনার মাধ্যমে মকর সংক্রান্তি ও ভোগালী বিহু উদযাপন করা হয়েছে । জেলার দারিকাপুর অসমীয়া গ্রামে আজ সকালে ঐতিহ্যবাহী মেজি ঘর জালিয়ে ভোগালী বিহু পালন করা হয় । পাশাপাশি বিহু নৃত্যও পরিবেশিত হয়েছে । এদিকে মকর সংক্রান্তি উপলক্ষ্যে জেলার বিভিন্ন মন্দিরে বিশেষ পূজার আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার ঐতিহ্যবাহী রবীন্দ্র মেলা আগামী ২২শে জানুয়ারী থেকে সাময়িকভাবে বন্ধ রাখা হবে । জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে একই মাঠে

সাধারনতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহন করায় নিরাপত্তাজনিত কারনে রবীন্দ্র মেলা সাময়িক বন্ধ রাখা হবে ।

---------------------------------------------------------------------------------------

অষ্টম আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপ প্রতিযোগীতার আজকের খেলায় রয়্যাল এসোসিয়েশন অনুপস্থিত থাকায় ব্লাড মাউথ ক্লাবকে বিজয়ী ঘোষনা করা হয় । জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় রাইজিং ইয়ং স্টার ক্লাব, ফ্রেন্ডস ফর এভার ক্লাবের বিরুদ্ধে খেলবে।

---------------------------------------------------------------------------------------